135

দৈনিক জনকণ্ঠ

তারিখ JAN. 9 1999
পৃষ্ঠা 22 কলাম ৬

## প্রজেক্টভুক্ত শিক্ষকদের দাবি ॥ বেতন পাব কি?

আমরা যারা ১৯৯৭ ও ১৯৯৮ সালে ফিমেল সেকেন্ডারি স্কুল এ্যাসিসট্যান্স প্রজেক্ট কর্তৃক নিয়োগপ্রাপ্ত হয়ে বে-সরকারী মাধ্যমিক বিদ্যালয়ে যোগদান করেছি– তারা বিগত আগস্ট/৯৮ মাস হতে এ পর্যন্ত বেতনের সরকারী অংশ পাইনি। পক্ষান্তরে এমপিও ভুক্ত অন্য শিক্ষকগণ অক্টোবর/৯৮ মাসের বেতনের সরকারী অংশ ইতোমধ্যেই পেয়ে গেছেন এবং নবেম্বর ও ডিসেম্বর/৯৮ মাসের বেতনের সরকারী অংশ প্রদানের জন্যও ঘোষণা দেয়া হয়েছে। এমনিতেই আমরা যারা প্রজেক্টভুক্ত শিক্ষক, তাদের সাথে কর্তৃপক্ষ বিমাতাসুলভ আচরণ করে থাকে। তদুপরি বেতন না পাওয়াতে আমাদের পারিবারিক সমস্যা ও সামাজিক মর্যাদা প্রকটভাবে ক্ষুণ্ন হচ্ছে।

পবিত্র রমজান মাস ও আসন্ন ঈদ উপলক্ষে উক্ত শিক্ষকদের কমপক্ষে আগস্ট, সেপ্টেম্বর, অক্টোবর ও নবেম্বর এই ৪ মাসের বেতন প্রদানের আশু ব্যবস্থা না হলে পবিত্র রমজান ও মুসলমানদের সর্ব বৃহত অনুষ্ঠান ঈদ-উল-ফিতর উদযাপনের আনন্দ হতে এফএসএসএপি কর্তৃক নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণ সম্পূর্ণরূপে বঞ্চিত হবে।

এমতাবস্থায়, বর্তমান গণতান্ত্রিক, জনপ্রিয় ও সদাশয় সরকার এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে আমাদের একান্ত প্রাণের দাবি আমরা উক্ত প্রজেক্টভুক্ত শিক্ষকগণ যেন অন্যান্য এমপিওভুক্ত শিক্ষকদের মতো বেতন ভাতার সরকারী অংশ যথাসময়ে পেতে পারি তার যথাযথ ব্যবস্থা গ্রহণ করে কর্তব্য কাজে উৎসাহিত করার অনুরোধ জানাচ্ছি।

*সোহেল মাহমুদ*
সহকারী শিক্ষক
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।